# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 30 March, 2025

ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী বলেছেন, এবার ঈদে সুনির্দিষ্ট কোনো থ্রেট নেই।তবে সব ধরনের চ্যালেঞ্জ মাথায় রেখেই নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।জাতীয় ঈদগাহ ময়দানে ও রাজধানীর ঈদ জামাতগুলোকে কেন্দ্র করে পাঁচ স্তরের নিরাপত্তা ব্যবস্থা হাতে নেওয়া হয়েছে।

রোববার (৩০ মার্চ) সকালে জাতীয় ঈদগাহ ময়দানের নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণে এসে এসব কথা জানান ডিএমপি কমিশনার।

ডিএমপি কমিশনার বলেন, সারা দেশের মতো ঢাকা মহানগরীতেও যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উদ্দীপনার মধ্য দিয়ে পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে।জাতীয় ঈদগাহ ময়দানে ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হবে।রাষ্ট্রপতি, মন্ত্রিপরিষদের সদস্য ও বিশিষ্ট ব্যক্তিরা এ ঈদগাহে নামাজ আদায় করবেন।

তিনি আরও জানান, এবার নিরাপত্তায় ১৫ হাজার পুলিশ সদস্যের পাশাপাশি সিটিটিসি, এটিইউ সাদা পোশাকের গোয়েন্দা পুলিশ, সেনাবাহিনীসহ বিভিন্ন আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা মোতায়েন থাকবেন।এছাড়াও শতাধিক সিসি ক্যামেরার নজরদারিও থাকবে।

ডিএমপি কমিশনার জাতীয় ঈদগাহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:48

URL: https://www.timestodaybd.com/national/198942985